Sanatan Dharma

---

**স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের উপদেশ**

তুমি যত বড় মহাপুরুষই হও, এমন ছোট ছোট অনেক কাজই তোমাকে কত্তে হবে, বাইরে থেকে দেখ্তে যে কাজ তুচ্ছ, নগণ্য এবং অনিত্য। কিন্তু অনিত্য কাজ ক'রেও নিত্যাভিনিবেশের শক্তিতে তুমি নিত্য-মঙ্গলই লাভ কর্বে। মাটি, কাদা, জল, ইট, কাঠ, ঘর, দুয়ার, দালান, ক্ষেত, সবই ক্ষণস্থায়ী, কিন্তু তবু এদের নিয়ে খাটতে হয়, অনিত্য দেহকে পর্য্যন্ত কত পরিচর্য্যা কত্তে হয়। কারণ, পরিচর্য্যা তুমি অনিত্যকে কত্তে পার। কিন্তু পরিচর্য্যার প্রকৃত লক্ষ্য সেই
নিত্য বস্তু, যার ক্ষয় নেই, যার ধ্বংস নেই, যার বিকার নেই, যার পরিবর্ত্তন নেই। অনিত্যের ভিতর দিয়েও অনুক্ষণ নিত্যকেই অনুসন্ধান কত্তে থাক। তা'হলে অনিত্য জগৎ ধ্বংস হয়ে গেলেও তোমার শ্রম কখনো ব্যর্থ হ'তে পার্বে না।
...............................শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের উপদেশ বাণী।)

Published on: Jan, 08 2023 10:02